ভোরের কাগজ

JAN. 20 2001

তারিখ ...

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ সমাবর্তন আজ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ষষ্ঠ সমাবর্তন আজ শনিবার বিশ্ববিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। এবারের সমাবর্তন বক্তা হচ্ছেন বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি মোস্তাফা কামাল। সমাবর্তন অনুষ্ঠানে আরো বক্তৃতা করবেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমদ।

এবারের সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ জন পিএইচডিসহ ২৫৪ জন স্নাতকোত্তর ও ১ হাজার ৫৬৬ জন স্নাতক ডিগ্রি অর্জনকারীকে সনদপত্র প্রদান করবেন এবং সমাবর্তন অনুষ্ঠানের আগে পশ্চিম পলাশীস্থ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জমিতে ১২ তলা বিশিষ্ট একটি নতুন একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এ ছাড়া সমাবর্তন অনুষ্ঠানে স্নাতকোত্তর ও স্নাতক পর্যায়ে পরীক্ষায় উৎকর্ষের জন্য ২০ জন ছাত্রছাত্রীকে বিভিন্ন নামের স্বর্ণপদক এবং গবেষণা ও শিক্ষকতায় কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বিশ্ববিদ্যালয়ের তিনজন অধ্যাপককে 'ড. রশীদ স্মৃতি স্বর্ণপদক'-এ ভূষিত করা হবে। স্বর্ণপদকপ্রাপ্ত এই তিনজন শিক্ষক হলেন : সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী ও প্রফেসর ড. এম ফিরোজ আহমেদ এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. ওয়াহাজউদ্দিন। বিজ্ঞপ্তি।